14 JUL 1991

দৈনিক বাংলা

তারিখ ... 14 JUL 1991
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2

263

সম্মিলিত ছাত্রঐক্য কাল
হরতাল ডেকেছে

# ভিসিকে অপসারণ করা যাবে না : চাকসু ভিপি

চট্টগ্রাম, ১৩ই জুলাই (বাসস)।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (চাকসু) ভিপি এম নাজিম উদ্দিন বলেছেন, ২২শে ডিসেম্বরের ঘটনার ব্যাপারে এক সদস্যবিশিষ্ট তদন্ত কমিশনের রিপোর্ট গ্রহণযোগ্য নয় এবং বিশ্ববিদ্যালয় পুনরায় খোলার আগে একটি নির্দিষ্ট সন্ত্রাসবাদী দলকে ক্যাম্পাস থেকে বের করে দিয়ে ক্যাম্পাস সন্ত্রাসমুক্ত করতে হবে।

(শেষ পৃঃ ৩–এর কঃ দ্রঃ)

# সমাজের উন্নয়নে শিক্ষার

(প্রথম পৃষ্ঠার পর)

থেকে পরামর্শ চান ও শিক্ষকদের সহযোগিতা কামনা করেন।

শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে সহিংসতা এবং শান্তিশৃংখলা পুনঃ প্রতিষ্ঠার উদ্দেশ্যে শুক্রবার রাতে রাজনৈতিক নেতৃবৃন্দের মহাসম্মেলন আহবান করায় শিক্ষকরা প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানান।

এ বৈঠকের সকল প্রচেষ্টা সর্বতো–ভাবে সফল করার জন্য শিক্ষকরা প্রধানমন্ত্রীর প্রতি পূর্ণ সমর্থন জানান। এ ধরণের উদ্যোগ দীর্ঘ আকাংখিত ছিল বলে তারা অভিমত ব্যক্ত করেন।

ফেডারেশন সদস্যরা বলেন, নিজে–দের স্বার্থ উদ্ধারে পূর্বতন সরকার গত ন'বছর দেশের শিক্ষাপ্রতিষ্ঠান সমূহে সহিংসতার পৃষ্ঠপোষকতা করেছেন।

তারা বলেন, সকল রাজনৈতিক দলের সঙ্গে বৈঠকের মধ্য দিয়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে সহিংসতা দূর করা ও শিক্ষাঙ্গনে শান্তি প্রতিষ্ঠায় সরকারের আন্তরিক ইচ্ছাই প্রকাশ পেয়েছে।

স্বল্প স্থিতিকালের মধ্যে বর্তমান সরকার জনগণের জীবনযাত্রার মানো–ন্নয়নে যেসব ব্যাবস্থা গ্রহণ করেছেন শিক্ষকরা সেসবের প্রশংসা করেন। এ প্রসঙ্গে তারা প্রলয়ংকরী বন্যা মোকা–বেলায় সাফল্য ছাড়াও সংসদে সর–কারের একাদশ ও দ্বাদশ সংবিধান সংশোধনী বিল উথাপনের কথা উল্লেখ করেন।

এ ছাড়া শিক্ষকরা শহীদ প্রেসিডেন্ট জিয়ার আমলে ঘোষিত জাতীয় শিক্ষা নীতি এবং শিক্ষক সম্প্রদায়ের মান–মর্যাদা বৃদ্ধির জন্য গৃহীত বিভিন্ন ব্যবস্থার কথাও উল্লেখ করেন।

সমিতি সদস্যরা প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার কাছে একটি স্মারক–লিপিও পেশ করেন।

শিক্ষক প্রতিনিধিদলের নেতৃত্ব দেন জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যাপক এম শরীফুল ইসলাম।

এ প্রতিনিধিদলে ছিলেনঃ বিশ–বিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি অধ্যাপক এনামুল হক খান, সরকারী কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মোজাফফর হোসেন, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব নজরুল ইসলাম, প্রাথমিক শিক্ষক সমিতির মহাসচিব ফজলুর রহমান, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আব্দুল লতিফ, সরকারী কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক মোঃ হাসানুল বারী, জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশনের সহ–সভাপতি অধ্যাপক আবুল কাসেম, অধ্যক্ষা বেগম শামসুন্নাহার আহমদ এমপি, সরকারী কলেজ শিক্ষক সমিতির যুগ্ম সচিব অধ্যাপক খলিলুর রহমান, কলেজ শিক্ষক সমিতির অধ্যক্ষ মোকাররম হোসেন, বাংলাদেশ শিক্ষক সমিতির এম এ জলিল, বাংলাদেশ শিক্ষক সমিতির বেগম দিলারা জামান, প্রাথমিক শিক্ষক সমিতির জসিম উদ্দিন ও কলেজ শিক্ষক সমিতির অধ্যাপক মোঃ মহসিন।